



ইউনিয়ন উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্য বিবরণী  
৯নং রানাগাছা ইউনিয়ন পরিষদ  
জামালপুর সদর, জামালপুর।

সভাপতিঃ জনাব আলহাজ্ব মোঃ আব্দুল জলিল  
চেয়ারম্যান, ৯নং রানাগাছা ইউনিয়ন পরিষদ,  
জামালপুর সদর, জামালপুর।

তারিখঃ ২৪/০৬/২০২১ইং

সভার স্থান : ইউনিয়ন পরিষদ হলরুম


সময়ঃ বেলা ১১ : ০০ ঘটিকা

সভায় উপস্থিতি সদস্যদের হাজিরা খাতা দৃষ্টব্য :

সভায় জনাব সভাপতি সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ জানাইয়া সভার কার্যক্রম শুরু করার জন্য ইউপি সচিব মোঃ ফজলুল করিম সাহেবকে নির্দেশ প্রদান করেন। সচিব সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ জানাইয়া সভার কার্যক্রম আরাষ্ট করেন। শুরুতেই সচিব সাহেব উন্নয়ন মূলক বিভিন্ন প্রকল্প গ্রহন ও বাস্তবায়ন বিষয়ে দিক নির্দেশনা মূলক আলোচনা করেন। পরিষদের সকল কাজে সকল বিভাগ থেকে পরামর্শ ও সহযোগিতা করে স্থানীয় সরকার বিভাগের এবং বাংলাদেশ সরকারের অংশিদারিত্ব মূলক প্রকল্পকে ত্বরান্বিত করার জন্য অনুরোধ করেন। প্রস্তাবটি সর্ব সম্মতি ক্রমে গৃহিত হইল। আলোচনা- পর্যালোচনা শেষে নিম্নে উল্লেখিত পরামর্শ মূলক বিষয় গুলো বাস্তবায়নের জন্য গ্রহন করা হইল।

ক্রমিক নং	আলোচ্য বিষয়	আলোচ্য মন্তব্য	গৃহিত সিদ্ধান্ত
০১	শিক্ষা প্রতিষ্ঠান সমূহে প্রয়োজনীয় শিক্ষা উপকরণ সরবরাহ করণ প্রসঙ্গে।	জনাব মোঃ রফিকুল ইসলাম, প্রধান শিক্ষক, প্রধান শিক্ষক, নান্দিনা নেকজাহান বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ সাহেব, উপস্থাপন করেন যে, নান্দিনা নেকজাহান বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ বিদ্যালয়টি একটি আদর্শ উচ্চ বিদ্যালয়। এই বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীর সংখ্যা বেশী থাকায় তাদের বসার জন্য হাই বেঞ্চের প্রয়োজন। তাই অত্র বিদ্যালয়ের জন্য কিছু হাই বেঞ্চ সরবরাহ করা প্রয়োজন।	সভাপতি সাহেব জানান এলজিএসপি-৩ প্রকল্পের অর্থ থেকে উক্ত বিদ্যালয়ের জন্য প্রয়োজনীয় হাই বেঞ্চ সরবরাহ করা হইবে।
০২	জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রসঙ্গে।	জনাব মোঃ ফজলুল করিম ইউপি সচিব সাহেব উপস্থাপন করেন জন্ম ও মৃত্যু নিবন্ধনের সনদ কিছু অসাধু কম্পিউটার ব্যবসায়ী স্ক্যান মেশিনের সাহায্যে স্ক্যান করে জন্ম তারিখ পরিবর্তন করে উক্ত সনদ বিভিন্ন কাজে ব্যবহার করছে যাহা সরকারী আইনের পরিপন্থী। উক্ত বিষয়ে কার্যকরি ব্যবস্থা গ্রহন করার জন্য কার্যকরি ব্যবস্থা গ্রহন করার জন্য সভাপতি সাহেবকে বিশেষ ভাবে অনুরোধ জানানো হইল।	এই বিষয়ে উপযুক্ত ব্যবস্থা গ্রহন করা হবে বলে সভাপতি সাহেব উপস্থিত সকলকে জানান। কে বা কাহারা এই ব্যবসা করে তাহার তথ্য উদঘাটন করার জন্য সকল ইউপি সদস্য ও সকল গ্রাম পুলিশদের নির্দেশ দেয়া হয়।
০৩	ট্যাক্স আদায় জোরদার করণ প্রসঙ্গে।	জনাব মোঃ আব্দুল লতিফ, ইউপি সদস্য সাহেব প্রস্তাব করেন যে, অত্র রানাগাছা ইউনিয়ন এলাকায় যে ট্যাক্স ধার্য করা হইয়াছে তাহা নিয়মিত ভাবে আদায় করা প্রয়োজন। তাহা না হলে পরিষদের যাবতীয় ব্যয়সহ বিভিন্ন ভাতাদি পরিশোধ করা সম্ভব হইবে না। এই বিষয়ে সামাজিক সচেতনতা গড়ে তুলার ব্যবস্থা করতে হবে।	এই বিষয়ে উপযুক্ত ব্যবস্থা গ্রহন করা হবে বলে সভাপতি সাহেব উপস্থিত সকলকে জানান।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ দিয়া সভার কার্য সমাপ্তি ঘোষণা করেন।

  
আলহাজ্ব মোঃ আব্দুল জলিল  
চেয়ারম্যান  
০৯নং রানাগাছা ইউনিয়ন পরিষদ  
জামালপুর সদর, জামালপুর।